

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৬১

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - ফাই (বিনাযুদ্ধে প্রাপ্ত শত্রুদের সম্পদ)-এর বর্ণনা

আরবী

وَعَنْهُ قَالَ: قَرَأً عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنهُ: (إِنَّمَا الصَّدَقَاتُ للفقراءِ والمساكينِ) حَتَّى بَلَغَ (عَلِيمٌ حَكِيمٌ) فَقَالَ: هَذهِ لِهَوُّلَاءِ. ثُمَّ قَرَأً (وَاعْلَمُوا أَنَّ مَا غَنِمْتُمْ مِنْ شيءٍ فإنَّ للَّهِ خُمُسَه وللرَّسولِ) حَتَّى بلغَ (وابنِ السَّبِيلِ) ثُمَّ قَالَ: هَذهِ لِهَوُّلَاءِ. ثُمَّ قَرَأً (مَا أَفَاءَ اللَّهُ عَلَى رَسُولِهِ مِنْ أَهْلِ الْقرى) حَتَّى بلغَ (للفقراءِ) حَتَّى بلغَ (للفقراء) ثمَّ قرأً (ما أَهَاءَ اللَّهُ عَلَى رَسُولِهِ مِنْ أَهْلِ الْقرى) ثمَّ قرأً (والذينَ جاؤوا منْ بعدهِم) ثمَّ قرأً (والذينَ جاؤوا منْ بعدهِم) ثمَّ قالَبُنْ عِشْتُ فَلَيَأْتِيَنَّ الرَّاعِيَ وَهُوَ بِسَرُو حِمْيَرَ نَصِيبُهُ مِنْهَا لَمْ يَعْرَقْ فِيهَا جَبِينُهُ. رَوَاهُ فِي شرح السَّنة

বাংলা

80৬১-[٩] উক্ত রাবী (মালিক ইবনু আওস ইবনুল হাদাসান) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন 'উমার (রাঃ) الصَّدَفَاتُ للفقراءِ আর্থাৎ- ''নিশ্চয় সাদাকা গরীব ও মিসকীনের জন্য'' শেষ পর্যন্ত পাঠ করে বললেনঃ যাকাত কেবলমাত্র এ আয়াতে বর্ণিত খাতসমূহের জন্যই সুনির্ধারিত। অতঃপর الصَّدَفَاتُ للفقراءِ অর্থাৎ- 'নিশ্চয় গনীমাত যা তোমরা অর্জন কর' শেষ পর্যন্ত এ আয়াতিট পাঠ করে বললেনঃ গনীমাতের খুমুস তথা এক-পঞ্চমাংশত, যা এ আয়াতের মধ্যে উল্লেখ রয়েছে, এটা কেবলমাত্র নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটাত্মীয়দেরই প্রাপ্য অধিকার। তারপর তিনি পাঠ করলেন اللهُ عَلَى رَسُوْلِك অর্থাৎ- 'এবং যা আল্লাহ তা'আলা তোমাদের বিনা যুদ্ধে দান করেন' শেষ পর্যন্ত। অতঃপর পাঠ করলেন তা করিলেন গুটিগ্রা কুট করা হয়েছে। অতএব আমি যদি বেঁচে থাকি তাহলে 'সার্বি হিম্ইয়ার' নামক দূরবর্তী স্থানে যে রাখাল বসবাস করে, তার কাছেও তার ন্যায্য প্রাপ্য অংশ পৌঁছে যাবে। অথচ এ সম্পদ অর্জন করতে তার কপালের ঘাম ঝরাতে হবে না। (শারহুস্ সুল্লাহ্)[1]



ফুটনোট

[1] সহীহ: শারহুস্ সুন্নাহ্ ২৭৪০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'উমার (রাঃ)-এর মতানুসারে যাকাত ও 'উশূরের মাল বণ্টিত হবে কুরআনে বর্ণিত আট শ্রেণীর মধ্যে তাতে অন্য কারো অধিকার নেই। আর গনীমাতের মাল এক-পঞ্চমাংশত বায়তুল মালের তথা আল্লাহর রসূলের জন্য। তিনি তা ব্যয় করবেন তার ইচ্ছানুযায়ী। তারপর খলীফাগণ ব্যয় করবে মুসলিমদের কল্যাণে। আর 'ফাই' এর মাল পুরাটাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হক। তিনি তাঁর ইচ্ছানুযায়ী তা ব্যয় করবেন। অতঃপর খলীফাগণ তা ব্যয় করবে মুসলিমদের কল্যাণে। তাতে খুমুস বা এক-পঞ্চমাংশত নেই। এটাই সকল 'উলামাগণের অভিমত। তবে ইমাম শাফি'ঈ-এর মতে তার এক-পঞ্চমাংশত বায়তুল মালের আর বাকী চার অংশ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য নির্ধারিত। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু আওস ইবনু হাদাসান (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন